

শিক্ষার্থী:

গ্রেড:

অফিসিয়াল ক্লাস:

শিক্ষক:

স্কুল:

প্রিয়,

আমরা আপনাকে এনওয়াইসি স্কুল অ্যাকাউন্ট খোলার জন্য আমন্ত্রণ জানাচ্ছি। এই অ্যাকাউন্ট আপনাকে নতুন উপায়ে আপনার সন্তানের অগ্রগতি সংক্রান্ত তথ্য জানার সুযোগ দেবে। আপনার এনওয়াইসি স্কুল অ্যাকাউন্ট দিয়ে আপনি আপনার সন্তানের উপস্থিতি, রিপোর্ট কার্ড গ্রেড এবং শিক্ষার্থী সম্পর্কিত সাধারণ তথ্য কম্পিউটার, ফোন অথবা ট্যাবলেটে দশটি ভাষার যে কোনো একটিতে দেখতে পাবেন।

নিচের পদক্ষেপগুলো গ্রহণ করে ইন্টারনেট সংযোগ রয়েছে এমন যে কোনো কম্পিউটার বা ডিভাইস থেকে অ্যাকাউন্ট খুলতে পারবেন:

1. <http://schools.nyc.gov/myaccount> ওয়েবসাইটে গিয়ে লগইন পেইজে “অ্যাকাউন্ট তৈরি করুন” লিংক নির্বাচন করুন।
2. আপনার সন্তানের ৯-রাশির শিক্ষার্থী আইডি নম্বর লিখুন। আপনি আপনার সন্তানের আইডি নম্বর তার রিপোর্ট কার্ডে পাবেন। আপনার কাছে আপনার সন্তানের আইডি নম্বর না থাকলে স্কুলে যোগাযোগ করুন।
3. আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট অ্যাকাউন্ট তৈরি করার কোডটি লিখুন:

অ্যাকাউন্ট তৈরি করার কোড:

4. “পরবর্তী” নির্বাচন করুন।
5. আপনার ইমেইল ঠিকানা ও পাসওয়ার্ড লিখুন এবং সুনিশ্চিত করুন।
6. “অ্যাকাউন্ট তৈরি করুন” নির্বাচন করুন এবং আপনার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে সাইন ইন করার জন্য “সাইন ইন” নির্বাচন করুন।

আপনার যদি এনওয়াইসি পাবলিক স্কুলে একটির বেশি সন্তান থাকে তাহলে আপনাকে এক চিঠিতে প্রত্যেক সন্তানের জন্য আলাদা কোড সরবরাহ করা হবে। আপনাকে অ্যাকাউন্ট তৈরি করার জন্য শুধু উপরের ২য় ও ৩য় ধাপে শিক্ষার্থী আইডি ও অ্যাকাউন্ট তৈরির করার কোড লিখতে হবে। অ্যাকাউন্ট তৈরি করার পর আপনি আপনার অবশিষ্ট সন্তানদের শিক্ষার্থী আইডি ও অ্যাকাউন্ট তৈরি করার কোড “আমার অ্যাকাউন্ট ব্যবস্থাপনা” পেইজে লিখে তাদেরকে যুক্ত করতে পারেন।

অ্যাকাউন্ট তৈরি করার কোড আপনার এবং আপনার সন্তানের জন্য সুনির্দিষ্ট এবং তা অপরকে জানাবে না। এই চিঠিতে যে ব্যক্তির নাম উল্লিখিত হয়েছে আপনি যদি সেই পিতামাতা না হন তাহলে আপনার সন্তানের রেকর্ড জানতে সহায়তা লাভে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন।

আমরা আশা করছি যে, আপনার এনওয়াইসি স্কুলস্ অ্যাকাউন্ট আপনার সন্তানের শিক্ষায় অংশগ্রহণে আপনাকে একটি মূল্যবান উপায় জোগাবে। আমরা আপনাকে আরো তথ্য জানার জন্য <http://schools.nyc.gov/nycschools> ওয়েবসাইটে যেতে অনুরোধ করছি। আপনার অ্যাকাউন্ট নিয়ে কোনো প্রশ্ন থাকলে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ অথবা 311 নম্বরে ফোন করুন। আপনার যদি ইংরেজি ব্যতীত অপর একটি ভাষায় অ্যাকাউন্ট খুলতে সহায়তা আবশ্যিক হয় তাহলে আপনার স্কুলের ল্যাঙ্গুয়েজ অ্যাকসেস কোঅর্ডিনেটর অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল

T&I-22844 (Bengali)